

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ী, ঢাকা-১২১৫।  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারক নং-১২.০১.০০০০.০২৮.২১.০০১.১৫/

২৪০৭০ (৪৫)

তারিখঃ ২৭/১২/১৬

বিষয়ঃ- প্রতিবছর বার্ষিক গোপনীয় অনুবেদন যথাসময়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ- জনপ্রশাসন মন্ত্রণালয় সিআর-৩ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬/১৬ তাং-১৩/০৩/২০১৮খ্রিঃ

উপরোক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত বিসিএস (কৃষি) ক্যাডার/নন ক্যাডার কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরসহ ডোসিয়ার সংরক্ষনকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌছানো জন্য বিলম্বিত সময়সীমা ০১ (এক) বছরের পরিবর্তে ০৩ (তিন) মাস নির্ধারণ করা হয়েছে। সূত্রীয় পরিপত্র অনুযায়ী অনুবেদনাধীন কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ জানুয়ারী এবং বিলম্বিত সময় ৩১ মার্চ, অনুবেদনকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ২৮ বা ২৯ ফেব্রুয়ারী এবং বিলম্বিত সময় ৩০ এপ্রিল, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ মার্চ এবং বিলম্বিত সময় ৩১ মে। পূর্ববর্তী বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন পরবর্তী বছরের ৩১ মার্চ ও বিলম্বিত সময় ৩১ মে এর মধ্যে সকল কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। তা সত্ত্বেও কিছু সংখ্যক কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদন বিলম্বিত সময়ের পরে অগ্রায়ণপত্র ব্যতিরেকে সরাসরি দাখিল করেন, যা বিধি সম্মত নয়। তাই অত্র পত্র প্রাপ্তির পর থেকে পরিপত্রের নির্দেশনা মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য অনুবেদনাধীন কর্মকর্তাগণ আবেদনের মাধ্যমে নিজ নিজ উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট বার্ষিক গোপনীয় অনুবেদন জমা দিবেন এবং আবেদন দাখিলের রেকর্ড সংরক্ষন করবেন।

এমতাবস্থায় নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুল আলম)  
উপপরিচালক (প্রশাসন)  
পক্ষেঃ মহাপরিচালক  
ফোন-৯১২৫০৫৩

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। পরিচালক ..... উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ী, ঢাকা। আপনার অধিনস্থ সকল কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....অঞ্চল.....। আপনার অধিনস্থ সকল কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, (পত্রটি ডিএই'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/প্রকল্প সমন্বয়কারি পরিচালক..... কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা। আপনার অধিনস্থ সকল কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। যুগ্মসচিব, সম্প্রসারণ-১, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।